# বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারক (পারিতোষিক ও বিশেষাধিকার) আইন, ২০২১

( ২০২১ সনের ৩০ নং আইন )

**Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 রহিতপূর্বক সময়োপযোগী করিয়া পুনঃপ্রণয়নকল্পে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হইয়াছে এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-১০৪৪-১০৪৫/২০০৯ এ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৬ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (Ordinance No. XI of 1978) রহিতপূর্বক সময়োপযোগী করিয়া পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারক (পারিতোষিক ও বিশেষাধিকার) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের ১৩ ধারা ০৩ জুন ২০১৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অন্যান্য ধারাসমূহ অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে “বিচারক” অর্থ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের কোনো বিচারক এবং বাংলাদেশের প্রধান বিচারপতি ও উক্ত

কোর্টের কোনো বিভাগের অতিরিক্ত বিচারকগণও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

**বেতন**

৩। বিচারকগণ প্রতি মাসে নিম্নবর্ণিত হারে বেতন প্রাপ্য হইবেন, যথা:-

(ক) প্রধান বিচারপতি- ১,১০,০০০ (এক লক্ষ দশ হাজার) টাকা;

(খ) আপীল বিভাগের বিচারক- ১,০৫,০০০ (এক লক্ষ পাঁচ হাজার) টাকা; এবং

(গ) হাইকোর্ট বিভাগের বিচারক- ৯৫,০০০ (পঁচানব্বই হাজার) টাকা।

**বিশেষ ভাতা**

৪। বিচারকগণ প্রতি মাসে বেতনের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ হারে বিশেষ ভাতা প্রাপ্য হইবেন।

**শ্রান্তি ও বিনোদন ভাতা**

৫। (১) বিচারকগণ প্রতি ৩ (তিন) বৎসর অন্তর অন্তর শ্রান্তি ও বিনোদন ছুটি ভোগ করিবার জন্য এক মাসের বেতনের সমপরিমাণ শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্য হইবেন।

(২) বিচারকগণ প্রচলিত আইন ও বিধির আওতায় প্রাপ্য ছুটিকালীন বেতনের অতিরিক্ত হিসাবে শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্য হইবেন।

**উৎসব ভাতা**

৬। বিচারকগণ প্রতি বৎসর দুই মাসের বেতনের সমপরিমাণ উৎসব ভাতা প্রাপ্য হইবেন।

**বাংলা নববর্ষ ভাতা**

৭। বিচারকগণ প্রতি বৎসর এক বার এক মাসের বেতনের শতকরা ২০ (বিশ) ভাগ হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হইবেন।

**আবাসন সুবিধা**

৮। (১) বিচারকগণ আসবাবপত্র সজ্জিত একটি উপযুক্ত বাসগৃহ প্রাপ্য হইবেন যাহা ভাড়া, পৌরকর, গ্যাস, বিদ্যুৎ ও পানির বিলমুক্ত থাকিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন বাসগৃহ প্রাপ্ত হইবার পূর্ব পর্যন্ত বিচারকগণ প্রতিমাসে ৫০,৬০০ (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা আবাসন ভাতা প্রাপ্য হইবেন।

**যানবাহন সুবিধা**

৯। (১) সরকারের সচিব পদমর্যাদার কর্মকর্তা যেইরূপ শর্তে সরকারি যানবাহন সুবিধা প্রাপ্য হন সেইরূপ শর্তে বিচারকগণ সরকারি যানবাহন সুবিধা প্রাপ্য হইবেন।